

**এ পর্যন্ত ৩০ কোটি
টাকা-শিক্ষা বৃত্তি
দিয়েছে ইইউ**

প্রতিবছরের মতো এবারও শিক্ষার্থীদের বৃত্তি দিয়েছে ইস্টার্ন ইউনিভার্সিটি (ইইউ)। বিশ্ববিদ্যালয়ের তহবিল থেকে মেধাবী ও নিম্নবিত্ত শিক্ষার্থীদের গতকাল রবিবার এই অর্থ দেওয়া হয়। প্রতিষ্ঠার পর থেকে প্রতিষ্ঠানটি এ নিয়ে প্রায় ৩০ কোটি টাকার বৃত্তি দিল।

গতকালের বৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ইইউ বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান আবুল খায়ের চৌধুরী। সভাপতিত্ব করেন উপাচার্য অধ্যাপক ড. আবদুর রব। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের সদস্য মোহাম্মদ আলী আজম ও উপ-উপাচার্য অধ্যাপক ড. আব্দুল হামান চৌধুরী। সংবাদ বিজ্ঞপ্তি।